দৈনিক সংবাদ

তারিখ 0 9 OCT 1987
পৃষ্ঠা 4 কলাম 6

156

## ঢাকা কলেজের মূল্যবান শিক্ষা দিবস নষ্ট না করার আবেদন

ঢাকা কলেজ দেশের একটি সুপ্রাচীন ও ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। ভাল রেজাল্টের দিক দিয়ে কলেজটি বরাবরই শীর্ষে রয়েছে।

কিন্তু কর্তৃপক্ষের অবহেলার কারণে প্রায়ই এর শিক্ষা দিবস নষ্ট হচ্ছে। সারা বৎসর ধরেই বি সি এস পরীক্ষা, ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, বিভিন্ন সরকারী সংস্থার নিয়োগ ও পদোন্নতি পরীক্ষা এবং রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তী পরীক্ষা লেগেই থাকে।

সময় অসময় এই সব পরীক্ষার কারণে কলেজ কর্তৃপক্ষ কোন রকম পূর্ব ঘোষণা ব্যতীত পাঠ দান থেকে বিরত থাকেন।

কলেজ হোষ্টেলের স্বল্পতার কারণে হোষ্টেলের সীট না পেয়ে অনেক ছাত্রকে দূর দুরান্ত থেকে প্রত্যহ কলেজ করতে হয়। এমন অনেক ছাত্র রয়েছে যাদের ২০।২৫ টাকা খরচ করে কলেজে আসতে হয়। যা দরিদ্র ও নিম্ন মধ্যবিত্ত ঘরের ছাত্রদের জন্য খুব কষ্টকর। কিন্তু এত কষ্টে একজন ছাত্র যখন কলেজে এসে জানতে পারে ক্লাশ হবেনা এবং পুলিশ দ্বারা কলেজ সীমানায় প্রবেশে বাধা দেওয়া হয় তখন দুঃখের সীমা থাকে না।

কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ব্যতীত অন্য কোন পরীক্ষা কলেজে না নিয়ে শিক্ষা দিবস নষ্টের হাত থেকে রেহাই দেওয়ার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন জানাই।

ছাত্রদের পক্ষে
গোলাম হায়দার, প্রাণিবিদ্যা বিভাগ।